১১/১১/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ৩ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি পদের জন্য সাদা গ্রুপের শিক্ষকদের লবিং গ্রুপিং

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর স্বেচ্ছায় পদত্যাগ কিংবা সরকার কর্তৃক অপসারণের পূর্বেই ভিসি হওয়ার জন্য বিএনপিপন্থী শিক্ষকরা জোর লবিং-গ্রুপিং শুরু করিয়া দিয়াছেন। তবে বর্তমান ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী স্বেচ্ছায় পদত্যাগ করিবেন না বলিয়া নির্ভরযোগ্য সূত্র জানাইয়াছে।

তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতায় আসার পর পরই ছাত্রদল গত ২৯শে জুলাই ভিসি'র পদত্যাগের দাবীতে ক্যাম্পাসে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট শুরু করে। ১লা অক্টোবর জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক পটপরিবর্তনের সাথে সাথে ছাত্রদল ধর্মঘট প্রত্যাহার করিয়া নেয়। তবে ভিসি-বিরোধী আন্দোলন ছাত্রদল অব্যাহত রাখে। গত ৩রা নভেম্বর বিএনপিপন্থী শিক্ষকরা ভিসির বাসভবনে গিয়া তাঁহাকে রুটিন ওয়ার্কের বাহিরে কাজ না করার জন্য বলেন। ভিসিকে পদত্যাগের জন্য চাপ প্রয়োগের পাশাপাশি সাদা দলের শিক্ষকরা চাহিতেছেন সিনেটের ২৫ জন রেজিষ্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন সংক্রান্ত হাইকোর্টের স্থগিত মামলাটি পুনরুজ্জীবিত করিতে। নির্ভরযোগ্য একটি সূত্র জানাইয়াছে, ভিসি নিজে পদত্যাগ না করিলে ১৮৭২ সালের 'জেনারেল ক্লজেজ এ্যাক্ট' অনুযায়ী সরকার তাঁহাকে অপসারণ করিবে। উক্ত আইনে বলা হইয়াছে, চ্যান্সেলর যে কোন সময় যে কাহাকেও ভিসি হিসাবে নিয়োগ দিতে পারিবেন এবং যে-কোন সময় নিয়োগ বাতিল করিতে পারিবেন।

জানা যায়, কয়েকদিন পূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসাবে সদ্য গোলাপী দল হইতে আসা একজন শিক্ষকের নাম জোরেশোরে শোনা গেলে সাদা দলের শিক্ষকরা সরকারের এক মন্ত্রীকে জানাইয়া দিয়াছেন, ঐ শিক্ষককে ভিসি হিসাবে নিয়োগ দিলে তাহারা দল হইতে পদত্যাগ করিবেন। সাদা দলের শিক্ষকরা ভিসি প্যানেলের জন্য তিনজনের নামও সরকারের নিকট পাঠাইয়াছেন বলিয়া সূত্র জানায়। ঐ তিন শিক্ষক হইলেন পিএসসি'র সাবেক চেয়ারম্যান অধ্যাপক এস এম এ ফায়েজ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক সদস্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভিসি অধ্যাপক ওয়াকিল আহমেদ। তিনজনের মধ্যে অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর ভিসি হওয়ার সম্ভাবনা রহিয়াছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি পদের জন্য সমাজবিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক

(১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পিচ্চি হান্নানের সহযোগী অস্ত্রসহ গ্রেফতার

মহানগর পুলিশের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গত শুক্রবার গোয়েন্দা পুলিশের একটি বিশেষদল কাওরান বাজার মাছের আড়ৎ এলাকায় তল্লাশী চালাইয়া নগরীর দুর্ধর্ষ সন্ত্রাসী পিচ্চি হান্নানের সহযোগী হাসান ফারুককে ১টি বিদেশী রিভলবার ও ২ রউন্ড গুলীসহ গ্রেফতার করে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি

(৩য় পৃঃ পর)

আসাদুজ্জামান, এ জেড এম তাহমিদা বেগম, অধ্যাপক খলিলুর রহমান, অধ্যাপক ইউসুফ হায়দারের নামও শোনা যাইতেছে। নির্বাচনের পর পরই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি হওয়ার জন্য অন্তত ২০ জন সাদা দলের সিনিয়র শিক্ষক বিভিন্নভাবে মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এমনকি ছাত্রদলের নেতাদের সাথেও একাধিকবার বৈঠক করিয়াছেন।